

জাতীয় খবর

বাংলা দৈনিক

JATIO KHOBOR BANGLA DAINIK

09:01:2024

web : www.rashtriyakhbar.com

খালিক্স এরলকিষ বাকিঃ ৭৫১ মায় ১ ফেলকিবরে উলস ক্ব করগে বারি

ক্রোরিডা : রোববার আলাফা এয়ারলাইন্স বোয়িং ৭৩৭ ম্যাজ নাইন জেটলাইনারের সব ক'টির উডাল বন্ধ করে দিয়েছে। ফেডারেল কর্মকর্তারা এ রকম আভাস দিলেন।



পাকিস্তানে বোমা হামলায় পোলিও সুরক্ষা দলের ৫ পুলিশ নিহত

পেশোয়ার (এজেন্সী): পাকিস্তানের উত্তরপশ্চিমাঞ্চলে আজ সোমবার এক বোমা হামলায় পোলিও সুরক্ষা দলের ৫ পুলিশ নিহত হয়েছেন।

এলাকাটি আফগানিস্তান সীমান্ত থেকে প্রায় ১৪ কিলোমিটার (৯ মাইল) দূরে অবস্থিত। বাজার জেলার জেষ্ঠ্য সরকারি কর্মকর্তা আনোয়ারউল হক বার্তা সংস্থা এএফপিকে বলেন, পুলিশের একটি ট্রাককে নিশানা করে ইস্প্রোভাইজড ওয়াল্পোসিড ডিভাইস (আইডিডি) দিয়ে এই হামলা চালানো হয়।

টিকাদান কর্মীদের নিরাপত্তাসহ এসংক্রান্ত কাজে নিয়োজিত ছিলেন। আনোয়ারউল হক বলেন, এই হামলায় পোলিও সুরক্ষা দলের ৫ পুলিশ নিহত হয়েছেন। আহত হয়েছেন ২০ জন।

প্রাণহানির এই সংখ্যার সত্যতা জেলাটির জেষ্ঠ্য পুলিশ কর্মকর্তা কাশিফ জুলফিকারও নিশ্চিত করেছেন। হামলার দায় স্বীকার করেছে জঙ্গি সংগঠন তেহরিক ই তালেবান পাকিস্তান (টিটিপি)।

পুলিশের সঙ্গে ধস্তাধস্তি, জার্মানিতে অভিবাসীর মৃত্যু

বার্লিন : জার্মানির মূলহাইম শহরে পুলিশের সঙ্গে ধস্তাধস্তির পর হাসপাতালে এক অভিবাসীর মৃত্যু হয়েছে। শহরের অভিবাসীদের একটি কেন্দ্রে তিনি বাস করতেন। ২৬ বছর বয়সি গিনির ওই অভিবাসীর ঠিক কীভাবে মৃত্যু হয়েছে সে বিষয়ে বিস্তারিত জানা যায়নি। তবে মৃত্যুর কারণ জানতে বিস্তারিত তদন্ত চলছে বলে জানিয়েছে পুলিশ।

করেছে। অফিসাররা যখন ওই অভিবাসীকে ধরতে করতে তার ঘরে প্রবেশ করেন, পুলিশ জানায়, সেই সময়েও ওই অভিবাসী তাদের উপর হামলা করেন। তাকে বাধা দিতে পুলিশ অফিসাররা দুবার টেসার ব্যবহার করেন। পুলিশ জানায়, ওই ব্যক্তির উপর টেসারের কোনো স্পষ্ট প্রভাব লক্ষ্য করেনি তারা। পুলিশ তাকে ধরার চেষ্টা করে এবং কেন্দ্রটিতে তাকে ধাওয়া করে। পুলিশ জানিয়েছে, এরপর ওই ব্যক্তিকে গ্রেপ্তার করা সম্ভব হয়। সেই সময় দুই পুরুষ অফিসারকে কামড়ে দেয় ওই ব্যক্তি, নারী অফিসারের মাথায় লাথি মারে। অভিবাসী এবং অফিসারদের উভয়ের চিকিৎসার জন্য অ্যাম্বুলেন্স ডাকা হয়। পুলিশের বক্তব্য, অ্যাম্বুলেন্সের ভেতরে চিকিৎসা নেওয়ার সময় জ্ঞান হারিয়ে ফেলেন ওই ব্যক্তি। হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানে তিনি মারা যান। পুলিশ জানিয়েছে, ঘটনার সঙ্গে জড়িত কর্মকর্তাদের কাউন্সেলিং করা হচ্ছে। নর্থ রাইন ওয়েস্টফালিয়ার সোশ্যাল ডেমোক্রেটিক (এসপিডি) পার্লামেন্টারি গ্রুপ রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে ঘটনাটির অপারেশনাল রিপোর্ট পেশ করার নির্দেশ দিয়েছেন।



বাজার সেন্সেক্স : 71355.22 -670.93

রাতি PARA UPDATE

গহনার বাজার

রাষ্ট্রীয় খবর

ইসরাইলের হামলায় গাজায় দুই সাংবাদিকের মৃত্যুর নিশ্চয়তা জানিয়েছে আল জাজিরা

গাজা : হামাস পরিচালিত গাজা কর্তৃপক্ষ বলেছে, রাফাহ শহরের কাছে যুদ্ধের সংবাদ সংগ্রহের সময় গাড়িতে করে চলাচল করার সময় ইসরাইলি বিমান হামলায় দুজন সাংবাদিক নিহত হয়েছে। আল জাজিরা ওই দুজন সাংবাদিকের মৃত্যুতে নিশ্চয়তা জানিয়েছে।

মধ্যপ্রাচ্যে সংঘাত ছড়িয়ে পড়ার ঝুঁকির প্রেক্ষাপটে ব্লিংকেনের সঙ্কট

জর্ডান : যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন রবিবার জর্ডানে অবস্থান করছেন। সেখানে তিনি জর্ডানের বাদশাহ দ্বিতীয় আবদুল্লাহ এবং পররাষ্ট্রমন্ত্রী আয়মান সাফাদির সাথে সাক্ষাৎ করেছেন।

ব্লিংকেন সাংবাদিকদের বলেন, গাজার সংঘাত কমিয়ে আনা এবং ছড়িয়ে পড়া রোধ করতে তুরস্ক মধ্যপ্রাচ্যের গুরুত্বপূর্ণ দেশগুলোর সাথে তাদের প্রভাব ব্যবহার করতে প্রস্তুত।

প্রায় ১৩০ জন বন্দীকে গাজায় জিম্মি করে রাখা হয়েছে। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, ২২ হাজার ৪০০ জনের বেশি ফিলিস্তিনি গাজা ভূখণ্ডে ইসরাইলের সামরিক অভিযানে নিহত হয়েছে।

আলআরোরির হত্যার পর যুক্তরাষ্ট্র সংঘাত আরও ছড়িয়ে পরার ঝুঁকির ব্যাপারে ভীষণ উদ্বিগ্ন। ইসরাইলের সেনাবাহিনী বলেছে, তারা লেবাননের জঙ্গি গোষ্ঠী হিজবুল্লাহর হামলার জন্য উচ্চ সতর্কতায় রয়েছে।

নাসরুল্লাহর সাথে ঘনিষ্ঠভাবে জড়িত আলআরোরিকে হত্যা করা হয়েছিল। এদিকে গাজায় হামাস জঙ্গিদের হাতে আটক বাকি জিম্মিদের উদ্ধারে ব্যাপক কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

ভরতুকি হামবুর্গেও যানজটের আশঙ্কা প্রকাশ করে বিবৃতি জারি করেছে প্রশাসন

বার্লিনের রাস্তায় শুরু কৃষক আন্দোলন



বার্লিন (এজেন্সী): সরকার কৃষিতে ভরতুকি কমিয়ে দিচ্ছে এই অভিযোগ এনে বার্লিনের রাস্তায় আন্দোলনে নেমেছেন জার্মান কৃষকরা।

কারণ, জার্মানিতে কৃষি ক্ষেত্রে বিপুল পরিমাণ ভরতুকি দেওয়া হয় বলে সরকারের দাবি। এরই প্রতিবাদে রাস্তায় নামার হুমকি দেয় কৃষকরা।

কৃষকেরা তাতে রাজি হননি। এদিকে সাবের শাসক দল সিডিউ, সিএসইউ, অতি ডানপন্থি এএফডি এবং আরেকটি দক্ষিণপন্থি দল ফ্রি ভোটারস এই আন্দোলনকে সমর্থন করেছে।

জল্দ ही आपके हाथों में होगा. राष्ट्रीय खबर हमारी नज़र. का बाबला संस्करण













